মন্ত্রিপরিষদ বিভাগের অক্টোবর ২০২৩ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: অক্টোবর ২০২৩ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১২ নভেম্বর ২০২৩

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪১৭	৩১৪	১০৩
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,০৯৮	১,২৩৪	৮৬৪
মোট	২,৫১৫	১,৫৪৮	৯৬৭

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	২	-	২৯	১৯	৩২	২১	১০৩
দুর্নীতি দমন কমিশন	-	-	২৪৬	২৩৯	২৩৫	১৪৪	৮৬৪*
মোট	২	-	২৭৫	২৫৮	২৬৭	১৬৫	৯৬৭

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	১১	১১	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

মন্ত্রিপরিষদ বিভাগ	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	-	-	-	-	৩		১০ অক্টোবর ২০২৩ তারিখে পদ্মা বহুমুখী সেতু রেল সংযোগ প্রকল্পের ঢাকা-ভাঙ্গা অংশে ট্রেন চলাচল উদ্বোধন অনুষ্ঠানে যোগদান এবং ২৭-২৮ অক্টোবর ২০২৩ মেয়াদে চট্টগ্রাম জেলা সফর করেন।
উন্নয়ন প্রকল্প পরিদর্শন	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ	-	-	-	-	-	-	

দুর্নীতি দমন কমিশন	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী		সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	২৭-৩০ অক্টোবর ২০২৩ মেয়াদে সমন্বিত জেলা কার্যালয়, কিশোরগঞ্জ পরিদর্শন করেন।
ভ্রমণ/পরিদর্শন	-	-	-	-	৪	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা:

(২) আইনশৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	মন্তব্য
1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS	১৫১	২০.৪৫ (১৩.৫৪ শতাংশ)	-
2. Social Security Policy Support Programme (1st revised)	২০	-	-
মোট=০২টি	১৭১	২০.৪৫ (১১.৯৫ শতাংশ)	

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা:

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/ সংস্থা	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১২টি	৪.৮৪	-	-	১২টি	-
দুর্নীতি দমন কমিশন	৩৮টি	১৯৪.৯৮	২১	২০	১৮টি	-
মোট	৫০টি	১৯৯.৮২	২১টি	২০টি	৩০টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা:



(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ	পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
			চাকরিচ্যুতি /বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
মন্ত্রিপরিষদ বিভাগ	১	-	-	-	-	১	-
দুর্নীতি দমন কমিশন	২৫	-	-	১	-	২৪	৪
মোট	২৬	-	-	১	-	২৫	৪

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি: প্রযোজ্য নয়।

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:
মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ২০২২-২৩ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘণ্টা) চলমান রয়েছে এবং ১০-২০ গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য ২০২২-২৩ অর্থবছরের সঞ্জীবনী প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা:

ঘ. মন্ত্রণালয়ে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন-দ্যা-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: ব্যবস্থা আছে, কর্মসূচি চলমান রয়েছে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ০২ জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট: নেই।

ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: আইন হয়েছে।

'জেলা (চট্টগ্রাম পার্বত্য জেলাসমূহে বলবৎকরণ) আইন, ২০২৩' ৩১ অক্টোবর ২০২৩ জাতীয় সংসদে পাস হয়েছে।

খ.প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠক দুইটি; জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০৩টি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০২টি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। মন্ত্রিসভা-বৈঠকে ৩১টি সিদ্ধান্ত গৃহীত হয়, এর মধ্যে ১৫টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। প্রতিবেদনাধীন মাসে ১৪টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) প্রতিবেদনাধীন মাসে সর্বমোট ১২টি অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগসমূহের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এ সময়ে মোট ১৭টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ১৩টি অভিযোগ প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।

(৩) বিভাগীয় কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত সেপ্টেম্বর প্রথম ও অক্টোবর দ্বিতীয় পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়েছে।

(৪) বৃষ্টির পানিতে পড়ে থাকা বৈদ্যুতিক তারে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে চার জনের মৃত্যু সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিদ্যুৎ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৫) 'বেশি উচ্চতার শিশুদের প্রতি এ কেমন বৈষম্য' শীর্ষক প্রকাশিত সংবাদ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৬) সকল মন্ত্রণালয়/বিভাগ/মাঠ প্রশাসনের কার্যালয়সমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বাস্তবায়ন সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

(৭) ফরিদপুর জেলার সালথা উপজেলায় অবস্থিত বাংলাদেশ হুংলি লিমিটেড (চায়না কার্বন ফ্যাক্টরি)-এ অগ্নিকান্ডের ঘটনার তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়; সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়; সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়; সচিব, সুরক্ষা সেবা বিভাগ এবং সচিব, কৃষি মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৮) নারায়ণগঞ্জ সদর উপজেলার উত্তর কাশিপুরে নির্মাণাধীন ৫ (পাঁচ)তলা ভবনের নিচতলায় অটোরিক্সা গ্যারেজে বিস্ফোরণের ঘটনার তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ, সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, সচিব, স্থানীয় সরকার বিভাগ, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ এবং সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৯) ফরিদপুর সদর উপজেলার কানাইপুর ইউনিয়নের অন্তর্গত ঢাকা-খুলনা মহাসড়কে যাত্রীবাহী বাসের চাপায় দুইজন মোটর সাইকেল আরোহী নিহতের ঘটনার তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ এবং সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১০) ১২ অক্টোবর-০২ নভেম্বর ২০২৩ মেয়াদে ২২ দিনব্যাপী ইলিশের প্রধান প্রজনন মৌসুমে 'মা ইলিশ সংরক্ষণ অভিযান, ২০২৩' সফল করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১১) বিশ্ব হাত ধোয়া দিবস; শহীদ বুদ্ধিজীবী দিবস; শেখ রাসেল দিবস এবং জাতীয় যুব দিবস, ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারবৃন্দের নির্বাচন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণে অংশগ্রহণের অনুমতি প্রদান করা হয়েছে।

(১৩) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০২৩-২৪ অর্থবছরের এপিএ সংশোধন প্রস্তাবের সারসংক্ষেপ প্রস্তুত করা হয়েছে।

(১৪) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০২২-২৩ অর্থবছরের এপিএ'র ফলাফল এপিএএমএস সফট্‌ওয়্যারে আপলোড এবং এসএমএস এর মাধ্যমে এপিএ টিম লিডার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে অবহিত করা হয়েছে।

(১৫) বিভিন্ন মামলায় ১৭ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে চার্জশিট দাখিল, ৩ জনের বিরুদ্ধে এফআরটি দাখিল এবং ৭৯ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ অনুসন্ধানে প্রমাণিত না হওয়ায় পরিসমাপ্ত করা হয়েছে মর্মে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দুর্নীতি দমন কমিশন কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা হয়। এর পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে অক্টোবর ২০২৩ মাসে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হয়েছে।

(১৬) মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে ২২ অক্টোবর ২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন 'এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম' শীর্ষক প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটি'র সভা অনুষ্ঠিত হয়েছে।

(১৭) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগের সভাপতিত্বে ০৪ অক্টোবর ২০২৩ তারিখে 'ইলেকট্রিক ভেহিকেল শিল্প উন্নয়নে বৈদ্যুতিক যানবাহন নীতিমালা' তৈরির লক্ষ্যে সুপারিশমালা প্রণয়ন সংক্রান্ত কমিটির সভা এবং ১৫ অক্টোবর ২০২৩ তারিখে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত সিঙ্গেল রেজিস্ট্রি MIS বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(১৮) নৌপরিবহন মন্ত্রণালয় থেকে উক্ত মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করে বাংলায় 'বন্দর, অভ্যন্তরীণ নৌপথ ও জাহাজ চলাচল মন্ত্রণালয়' এবং ইংরেজিতে 'Ministry of Ports, Inland Waterways and Maritime Shipping' নামকরণের বিষয়ে প্রেরিত প্রস্তাবে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) সম্প্রতি গাজাসহ ফিলিস্তিনের অন্যান্য স্থানে ইসরায়েলি দখলদার বাহিনীর বর্বরোচিত হামলায় ফিলিস্তিনি নাগরিকদের মৃত্যুতে রাষ্ট্রীয় শোক পালন সংক্রান্ত প্রজ্ঞাপন ১৯ অক্টোবর ২০২৩ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(২০) রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটের জন্য রাশিয়া থেকে 'ফ্রেশ নিউক্লিয়ার ফুয়েল' বা ইউরেনিয়াম আসার পরিপ্রেক্ষিতে ০৫ অক্টোবর ২০২৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং রাশিয়ান প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ভার্চুয়ালি যুক্ত হয়ে আনুষ্ঠানিকভাবে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের ইউরেনিয়াম হস্তান্তর সম্পন্ন করেন। পারমাণবিক শক্তির শান্তিপূর্ণ ব্যবহারকারী দেশের তালিকায় ৩৩তম দেশ হিসেবে বাংলাদেশ বিশ্ব অঙ্গণে আত্মপ্রকাশ করার মধ্য দিয়ে বৈশ্বিক পরিমণ্ডলে বাংলাদেশের ভাবমূর্তি উত্তরোত্তর বৃদ্ধি করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপনপূর্বক তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ০৯ অক্টোবর ২০২৩ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়। গৃহীত অভিনন্দন প্রস্তাব ১২ অক্টোবর ২০২৩ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(২১) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ০৭ অক্টোবর ২০২৩ তারিখে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল নির্মাণ প্রকল্প উদ্বোধন করেন। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল নির্মাণ প্রকল্প সফট্ ওপেনিংয়ের মাধ্যমে বৈশ্বিক পরিমণ্ডলে বাংলাদেশের ভাবমূর্তি উত্তরোত্তর বৃদ্ধি করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপনপূর্বক তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা মন্ত্রিসভার ০৯ অক্টোবর ২০২৩ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়। গৃহীত অভিনন্দন প্রস্তাব ১২ অক্টোবর ২০২৩ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

গ.আগামী (নভেম্বর-ডিসেম্বর) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক; জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি; নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি; আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি; মন্ত্রিসভা কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন; মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(২) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা।

(৩) ১৯৯৬ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণী, বিজ্ঞপ্তি এবং সারসংক্ষেপসমূহ জাতীয় আর্কাইভ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর সংক্রান্ত কার্যাবলি।